

**শাবি থেকে ড. জাফর
ইকবাল দম্পতির
পদত্যাগ**

স্মারকে স্বপদে রাখতে
আন্দোলনে-শিক্ষার্থীরা

■ সিনেট জাফির ও শাবি সংবাদমতো
শাহজাদাঙ্গা বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় (শাবি) থেকে পদত্যাগ
করেছেন জনপ্রিয় পেশক, অধ্যাপক ড.
মুহম্মদ জাফর ইকবাল ও তার স্ত্রী
অধ্যাপক ড. ইয়াসমিন হক।
বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স
বিভাগের অধ্যাপক জাফর ইকবাল
এবং পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক
ড. ইয়াসমিন হক গতকাল মঙ্গলবার
সন্ধ্যায় তাদের পৃষ্ঠা ১৯ কলাম ৮

শাবি থেকে ড. জাফর

২০ পৃষ্ঠার পর

পদত্যাগপত্র নিম্ন নিজ বিভাগীয় প্রধানের দ্বারা
দিয়েছেন। শাবি এবং যশোর বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত সমন্বিত ভর্তি পরীক্ষা
কার্যক্রম বাতিল করায় এর প্রতিবাদে তারা পদত্যাগ
করেছেন বলে বিভিন্ন সূত্রে জানা গেছে। অবশ্য
পদত্যাগপত্রে তারা 'ব্যক্তিগত কারণে'র কথা উল্লেখ
করেছেন।

এদিকে জনপ্রিয় পিতৃক দম্পতির পদত্যাগের
খবর মুক্ত কাম্পাসে ছড়িয়ে পড়লে সঙ্গে সঙ্গে শিখারীরা
বিস্তৃত হয়ে কাম্পাসে জড়ো হতে থাকেন। তারা
'স্মার' ও 'ম্যান্ডেট'কে স্ব পদে বহাল রাখার দাবিতে
প্রোগাম দেন। তারা পদত্যাগপত্র গ্রহণ না করার জন্য
উপাচার্যের প্রতি দাবি জানান।

সূত্র জানায়, এ বছর শাহজাদাঙ্গা বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় এবং যশোর বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমন্বিত ভর্তি পরীক্ষার উদ্যোগ
নেয়া হয়েছিল। কিন্তু এর বিরোধিতা করে সমন্বিত ভর্তি
পরীক্ষা বাতিলের দাবি জানান স্থানীয় আওয়ামী লীগ,
বিএনপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ। তারা
উপাচার্যের মাঝে দোহা করে সমন্বিত ভর্তি কার্যক্রম
বাতিলের দাবি জানান। এই দাবির পরিপ্রেক্ষিতে
গতকাল দুপুরে শাবির একাডেমিক কাউন্সিলের বৈঠকে
সমন্বিত ভর্তি কার্যক্রম বাতিল করা হয়। ড. জাফর
ইকবাল সমন্বিত ভর্তি কার্যক্রমের টেকনিক্যাল বিভাগের
প্রধান ছিলেন।

পদত্যাগের ব্যাপারে শাবি উপাচার্য ড. আবদুল
হক উইলা গতকাল সন্ধ্যা ৭টার দিকে জানান, তিনি
বিষয়টি তদেছেন। তবে এখন পর্যন্ত তার হাতে
পদত্যাগপত্র পৌঁছায়নি। সমন্বিত ভর্তি কার্যক্রম বাতিল
প্রসঙ্গে উপাচার্য জানান, সর্বদিক পরিহিতি বিবেচনায়
এই পদত্যাগ নেয়া হয়েছে।